

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
hsp.sedp@gmail.com



স্মারক নং-এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০১৯/১৭৬(৫১৭)

তারিখ: ০৭.০৯.২০২১ খ্রি.

বিষয়: সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ৬ষ্ঠ-১২শ শ্রেণির উপবৃত্তির তালিকাভুক্ত শিক্ষার্থীদের ভুল তথ্য HSP MIS এ সংশোধন এবং শিক্ষা প্রতিষ্ঠানের প্রোফাইল সংশোধন/হালনাগাদ করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২১ সালের ৬ষ্ঠ-১২শ শ্রেণির উপবৃত্তির জন্য নির্বাচিত কিছু সংখ্যক শিক্ষার্থীর একাউন্ট নম্বরসহ অন্যান্য ভুল তথ্যের কারণে (Bounce Back/Not Process/Not Paid) উপবৃত্তির অর্থ প্রেরণ করা সম্ভব হয় নি। এছাড়াও কিছু সংখ্যক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের একাউন্ট নম্বরসহ অন্যান্য ভুল তথ্যের কারণে টিউশন ফি প্রেরণ করা সম্ভব হয় নি। এমতাবস্থায়, শিক্ষার্থীদের এবং শিক্ষা প্রতিষ্ঠানের ভুল তথ্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ কর্তৃক HSP MIS এ আগামী ১৭.০৯.২০২১ তারিখের মধ্যে আবশ্যিক ভাবে নিম্নরূপ প্রক্রিয়া অনুসরণ করে তথ্য সংশোধন করার জন্য অনুরোধ করা হলো।

HSP MIS এর লিংক: <http://hspbd.com/HSP-MIS/login>

ক) শিক্ষার্থীদের ভুল তথ্য সংশোধনের নিয়মাবলী:

- HSP MIS এ প্রবেশ করে মেনুবার অনুসরণ করে 'উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী' বাটনে ক্লিক করুন;
 - 'শিক্ষার্থীর তথ্য আপডেট' বাটনে ক্লিক করুন;
 - 'শিক্ষার্থীর অবস্থা' বাটনে ক্লিক করে 'ভুল পেমেন্ট তথ্য' অপশন সিলেক্ট করে 'খুঁজুন' বাটনে ক্লিক করুন;
 - 'সম্পাদন করুন' কলামের 'কলম আইকন (এডিট অপশন)' বাটনে ক্লিক করে শিক্ষার্থী/অভিভাবকের একাউন্ট নম্বরসহ যাবতীয় তথ্য সংশোধন/হালনাগাদ করে 'সংরক্ষণ' বাটনে ক্লিক করুন;
 - সর্বশেষ 'সংরক্ষণ' বাটনে ক্লিক করলে সফল মেসেজ প্রদর্শিত হবে।
- (বি. দ্র:- একজন শিক্ষার্থীর তথ্য শুধু মাত্র একবারই সংশোধন পূর্বক সংরক্ষণ করা যাবে।)

খ) শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য সংশোধন/হালনাগাদের নিয়মাবলী:

- HSP MIS এ প্রবেশ করে মেনুবার অনুসরণ করে 'কনফিগারেশন' বাটনে ক্লিক করুন;
- 'প্রতিষ্ঠান তথ্য' বাটনে ক্লিক করুন;
- 'প্রতিষ্ঠান তালিকায়' গিয়ে খুঁজুন বাটনে ক্লিক করুন;
- 'সম্পাদন করুন' কলামের 'কলম আইকন (এডিট অপশন)' বাটনে ক্লিক করুন। অতঃপর ধারাবাহিকভাবে প্রতিষ্ঠান প্রোফাইল ফর্মের তথ্যসমূহ অর্থ্যাৎ প্রতিষ্ঠান তথ্য, প্রতিষ্ঠান শিক্ষার্থীর তথ্য, প্রতিষ্ঠান ঠিকানা, পেমেন্টের তথ্য সংশোধন/হালনাগাদ করতে হবে;
- প্রতিষ্ঠান শিক্ষার্থীর তথ্যের ক্ষেত্রে ৬ষ্ঠ থেকে ১২শ শ্রেণি পর্যন্ত শ্রেণিভিত্তিক ভর্তিকৃত মোট ছাত্র/ছাত্রীর সংখ্যা এন্ট্রি করতে হবে;
- প্রতিষ্ঠানের টিউশন ফি প্রাপ্তির লক্ষ্যে অনলাইন ব্যাংক একাউন্ট (১৩ থেকে ১৭ ডিজিট) নম্বর সংশোধন/হালনাগাদ করতে হবে (বেসরকারি প্রতিষ্ঠানের ভুল একাউন্ট নম্বর সংশোধনের ক্ষেত্রে প্রযোজ্য)।
- সর্বশেষ 'সংরক্ষণ' বাটনে ক্লিক করলে সফল মেসেজ প্রদর্শিত হবে।

০২। HSP MIS এ লগইন করার জন্য ব্যবহৃত নিজ নিজ ইউজার আইডি ও পাসওয়ার্ড উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও শিক্ষা প্রতিষ্ঠান প্রধান সর্বোচ্চ গোপনীয়তা রক্ষা করে সংরক্ষণ নিশ্চিত করবেন।

০৩। উপবৃত্তি ও ইউজার আইডি পাসওয়ার্ড সংক্রান্ত যে কোন তথ্য বা যোগাযোগের জন্য উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে hsp.sstipend@gmail.com মেইলে করার জন্য অনুরোধ করা হলো।

(শরীফ মোর্তজা মামুন)

স্কিম পরিচালক

সমন্বিত উপবৃত্তি কর্মসূচি

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা।

স্মারক নং-এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০১৯/১৭৬(৫১৭)/১(১৭)

তারিখ: ০৭.০৯.২০২১ খ্রি.

অনুলিপি: সদয় অবগতির জন্য ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০৫। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ০৬। পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৭। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৮। জনাব মোঃ জয়নাল আবেদীন, টীম লিডার (আইটি), SPFMS, অর্থ বিভাগ।
- ০৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
- ১০। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
- ১১। উপজেলা/থানা একাডেমিক সুপারভাইজার, সকল উপজেলা/থানা।
- ১২। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (কর্মসূচি ভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান)।
- ১৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
(মাউশি এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৪। সিস্টেম এনালিস্ট, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৫। প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা
(HSP MIS এ 'শিক্ষার্থীর তথ্য আপডেট' অপশন শিক্ষা প্রতিষ্ঠানের জন্য উন্মুক্তকরণের অনুরোধসহ)
- ১৬। প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা
(পিএমইএটি -এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৭। সংরক্ষণ নথি।

(মোঃ জেফিক এরফান)

গবেষণা কর্মকর্তা (প্রশাসন)

সমন্বিত উপবৃত্তি কর্মসূচি